

ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ৭৩

আরবি মূল আয়াত:

قَالُوا تَاللّٰهِ لَقَدْ عَلِمْتُمْ مَّا جِئْنَا لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَ مَا كُنَّا سُرِقِينَ

﴿ ৭৩ ﴾

অনুবাদসমূহ:

তারা বলল, ‘আল্লাহর কসম, তোমরা নিশ্চয়ই জেনে গিয়েছ, আমরা এ দেশে অশান্তি সৃষ্টি করতে আসিনি, আর আমরা চোর নই’। — আল-বায়ান

ইউসুফের ভাইয়েরা বলল, ‘আল্লাহর শপথ! তোমরা তো জান আমরা এ দেশে অশান্তি সৃষ্টি করতে আসিনি, আর আমরা চোরও নই।’ — তাইসিরুল

তারা বললঃ আল্লাহর শপথ! তোমরাতো জান যে, আমরা এই দেশে দুষ্কৃতি করতে আসিনি এবং আমরা চোরও নই। — মুজিবুর রহমান

They said, "By Allah, you have certainly known that we did not come to cause corruption in the land, and we have not been thieves." — Sahih International

৭৩. তারা বলল, আল্লাহর শপথ! তোমরা তো জান যে, আমরা এ দেশে দুষ্কৃতি করতে আসিনি এবং আমরা চোরও নই।(১)

(১) অর্থাৎ শাহী ঘোষক যখন ইউসুফ আলাইহিস সালাম-এর ভ্রাতাদেরকে চোর বলল, তখন তারা উত্তরে বললঃ তোমরা আমাদের অবস্থা সম্পর্কে ওয়াকিফহাল আছ যে আমরা এখানে অশান্তি সৃষ্টি করতে আসিনি এবং আমরা চোর নই। কেননা, তারা তাদের ভাল দিকগুলো দেখেছে, যাতে বোঝা যায় যে, আমরা এ খারাপ গুণের উপযুক্ত লোক নই। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭৩) তারা বলল, ‘আল্লাহর শপথ! তোমরা তো জান যে, আমরা এই দেশে অশান্তি সৃষ্টি করতে আসিনি এবং আমরা চোরও নই।’ [1]

[1] ইউসুফ (আঃ)-এর ভায়েরা যেহেতু এই সুপরিচালিত কৌশল সম্পর্কে অনবগত ছিলেন, যা ইউসুফ (আঃ)

অবলম্বন করেছিলেন, সেহেতু তাঁরা নিজেদের ব্যাপারে চোর হওয়ার এবং দেশে অশান্তি সৃষ্টি করার কথা শপথ করে খন্ডন করছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1669>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন